

পশ্চিম মেদিনীপুর - ঝাড়গ্রাম

আনন্দবাজার পত্রিকা

১৫ জুন ১৯২৮ শুক্রবার ২১ মে ১৩২১

পাশে সহেলি

▶▶ **গড়বেতা:** গড়বেতা কলেজের মহিলা সেল 'সহেলি'র পক্ষ থেকে করোনা সচেতনতায় মাস্ক, সাবান বিলি করা হল বৃহস্পতিবার। সেই সঙ্গে কোভিড বিধি সম্বলিত নির্দেশাবলি লেখা লিফলেটও বিলি করা হয়।

১৯৬৩ ১৯৭৬ ২০১৯

আলোচন

১৯৬৩ ১৯৭৬ ২০১৯

নিরপেক্ষ নয়া জনগণের পক্ষে

সব্যসাচী

প্রথম শ্রেণির দৈনিক

পূজার সেরা শাস্ত্র

সিদ্ধ • ঠাট • সালোয়ার সেট • সূতী

গোবিন্দরাম ভূত

শিল্পকার ও সূতী

ফোন: ১৬২১৩৩৩৩

০৩ ক্রম নং ২৮৪ সংখ্যা শুক্রবার ২১ মে ২০২১ ৬ জ্যৈষ্ঠ ১৪২৮ ২৫০ টাকা • রেজি.নং-আর.এন.৪৮০৪৪/৮৮ ফোন: ২০০২০২, ফ্যাক্স: ৩০০২২২-২০০৪৮৯১ www.biplabnityasachy.com

গড়বেতা কলেজ সহেলী উইমেন্স সেলের কোভিড সামগ্রী বিতরণ



পত্রিকা প্রতিনিধি : ২০১৯ সালের ডিসেম্বর মাস থেকে পৃথিবী মারণব্যাহিতে আক্রান্ত। চিনের উহান প্রদেশে যে মারণব্যাহি প্রথম দেখা দিয়েছিল, তা আজ সমগ্র বিশ্বে মহামারীর আকার ধারণ করেছে। ওয়ালড হেলথ অর্গানাইজেশন এই রোগটিকে মহামারি হিসেবে ঘোষণা করে। ২০২০ সালের প্রায় শুরু থেকেই বিশ্বের প্রায় প্রতিটি দেশ লকডাউন করতে বাধ্য হয়েছে। ভারতবর্ষেও মার্চ মাসের ২৭ তারিখ থেকে লকডাউনের ঘোষণা করা হয়। জুন ২০২০ থেকে আনলক প্রক্রিয়া শুরু হয়। পশ্চিমবঙ্গে প্রথম কোভিড-১৯ রোগীর সন্ধান মেলে ২০২০ সালে ১৭ মার্চ। কোভিড-১৯ এর প্রথম ঢেউ ভারত যখন প্রায় সামলে ওঠে, সেই সময় আছড়ে পড়ে দ্বিতীয় ঢেউ। সারা ভারতবর্ষ জুড়ে কেন্দ্রীয়ভাবে ঘোষিত না হলেও, কেরল, বিহার, দিল্লি সহ প্রায় সব রাজ্যে লোই কোভিড ১৯-এর দ্বিতীয় ঢেউ সামলাতে লকডাউনের পথেই হেঁটেছে। পশ্চিমবঙ্গেও গত ১৬ মে থেকে ৩০ মে পর্যন্ত আংশিক লকডাউন ঘোষিত হয়েছে। কোভিড ১৯ এর

দ্বিতীয় ঢেউ এ পর্যন্ত বহুমানুষ আক্রান্ত হয়েছেন। যদিও এখনও পর্যন্ত সারা ভারতবর্ষে সুস্থতার হার ৮৭ শতাংশ। পশ্চিমবঙ্গে সুস্থতার হার ৮৯-৯০ শতাংশ। এই ভয়ঙ্কর সময়ে দাঁড়িয়ে গড়বেতা কলেজের উইমেন্স সেল, সাহেলী সামাজিক দায়িত্ববোধে উদ্বোধিত হয়ে গড়বেতা কলেজে সংলগ্ন এলাকায়

বৃহস্পতিবার এক কর্মসূচির আয়োজন করে। গড়বেতা ১ নম্বর ব্লকের ১১ নম্বর অফালের অন্তর্গত রুইদাসপাড়াতে (ডাঙ্গাপাড়া) দুঃস্থ পরিবারের মধ্যে মাস্ক, সাবান ও কোভিড সচেতনতামূলক বিধি ও নির্দেশাবলী-মূলক লিফলেট বিতরণ করা হয়। সাহেলী ও কলেজের তরফ থেকে সক্রমক ব্যাধির ভয়কে উপেক্ষা করে,

কোভিড বিধি মেনে শ্যামল সাহা, গুরা দুবে, সুকাশ বাজপেয়ী, সুদীপ চৌধুরী, সুমন চৌধুরী, সুমন মন্ডল রুইদাসপাড়ার প্রায় ১২০ টি পরিবারের প্রতিটি বাড়িতে গিয়ে মাস্ক ও অন্যান্য সামগ্রী বিতরণ করা হয়। এই কর্মসূচিটি বাস্তবায়নে গড়বেতা কলেজের অধ্যক্ষ ড. হরিপ্রসাদ সরকার অগ্রণী ভূমিকা পালন করেন।

অনুষ্ঠানটি সংগঠিত করতে সাহায্য করেন গড়বেতা ১ ব্লকের পঞ্চায়ত প্রধান শ্যামল বাজপেয়ী তিনি ওই অনুষ্ঠানে উপস্থিতও ছিলেন। এই কর্মসূচিকে ঘিরে অফালের মানুষের মধ্যে প্রবল উৎসাহ লক্ষ্য করা যায়। উক্ত কর্মসূচিতে বৃষ্টি কনভেনার ছিলেন ড. রীতা শিল ও ড. রাজেশ্বরী মণ্ডল।